# বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা), ঢাকা-১০০০

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক: ৫৩.২২.০০০০.০০০.১০৩.১১.০০০২.২৫-

তারিখ: ০১/০৪/২০২৬

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন একটি শিক্ষা ও গবেষণামূলক জাতীয় প্রতিষ্ঠান। বিআইসিএম পুঁজিবাজারের তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান প্রসারের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইনস্টিটিউট হিসেবে দেশের একমাত্র পুঁজিবাজার বিষয়ক বিশেষায়িত মাস্টার্স প্রোগ্রামসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সার্টিফিকেট কোর্স, সাধারণ বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ শিক্ষাসহ বিভিন্ন শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। সরকার কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউটের বেতন ও সাংগঠনিক কাঠামো অনুযায়ী ইন্সটিটিউটের শূন্য পদে নিয়োগের জন্য নিম্নোক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা, পদের সংখ্যা, পদের ধরণ | নিয়োগের যোগ্যতা | বেতন ও অন্যান্য ভাতাদি |
|---|---|---|---|
| ১। | প্রভাষক<br>অনূর্ধ্ব ৩২ বছর<br>৪টি (স্থায়ী পদ) | ফিন্যান্স বিষয়ে চার বছর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর অথবা বি.বি.এ এবং এম.বি.এ বা সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে। এসএসসি এবং এইচএসসিতে উভয়টিতে ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ থাকতে হবে। | মূল বেতন- ৪৫,০০০/-টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ৭০,৫০০/- টাকা |
| ২। | সহকারী রেজিস্ট্রার<br>অনূর্ধ্ব ৩২ বছর<br>০১টি (স্থায়ী পদ) | (ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর এর যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসির যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা জিপিএ ৫.০ এর মধ্যে ৩.৭৫ থাকতে হবে।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হবে। | মূল বেতন- ৩৫,০০০/-টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ৫৫,৪০০/- টাকা |
| ৩। | সহকারী লাইব্রেরীয়ান<br>অনূর্ধ্ব ৩২ বছর<br>১টি (স্থায়ী পদ) | (ক) তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় চার বৎসর মেয়াদী স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসির যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা জিপিএ ৫.০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হবে। | মূল বেতন- ২১,০০০/- টাকা ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট ৩৬,১০০/- টাকা |

* প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

**দ্রষ্টব্যঃ**

১। আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম,/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, **৩০ এপ্রিল ২০২৬ তারিখে বয়স**, জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ বিআইসিএম এর ওয়েবসাইট https://bicm.gov.bd হতে সংগৃহীত আবেদনপত্রের নমুনা মোতাবেক **স্বাক্ষরযুক্ত আবেদনপত্র** ও প্রামাণিক দলিল, সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপিসহ ডাকযোগে "পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম-১০ম তলা), ঢাকা-১০০০" বরাবর **আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে পৌঁছাতে হবে**। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। নিম্নে বর্ণিত দলিলপত্রাদির অনুলিপি প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র; (খ) পেশাগত অভিজ্ঞতা ও প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে); (গ) ০২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি; (ঘ) প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূলকপি); (ঙ) জন্ম নিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয়পত্র; (চ) সংশ্লিষ্ট জেলার স্থায়ী নাগরিকত্ব সনদ; (ছ) ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। প্রয়োজনে প্রার্থী অতিরিক্ত কাগজ ব্যবহার করে আবেদন পত্রের সাথে যুক্ত করতে পারবেন।

৪। **খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।**

৫। বিভাগীয়/চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র অথবা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। শুধু সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচনা করা হবে।

৮। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৯। আবেদন পত্রে যাচিত তথ্য প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য না হলে "প্রযোজ্য নয়" লিখতে হবে।

১০। (ক) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি;

(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি;

(গ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইন্সটিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট